

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৫৭৮

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদ সম্পর্কে প্রকৃত তথ্য

গত ২১ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘নরকগুলজারে পরিণত গন্ডাছড়া মৎস্য বাজার, দায় এড়াচ্ছে দপ্তর’ শিরোনামে প্রকাশিত সংবাদটি মৎস্য দপ্তরের নজরে এসেছে। প্রকাশিত সংবাদ সম্পর্কে প্রকৃত তথ্য দিয়ে মৎস্য দপ্তর থেকে জানানো হয়েছে, ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের খলাই জোনের জোনাল ডেভেলপমেন্ট কার্যালয় থেকে গন্ডাতুইসায় এই মৎস্য বাজারটি নির্মাণ করা হয়েছে। গন্ডাতুইসা মহকুমার মৎস্য তত্ত্বাবধায়ক গত ২৭ সেপ্টেম্বর মৎস্য বিক্রেতাদের সাথে এক বৈঠক করেন এবং সেই বৈঠকে মৎস্য বিক্রেতারা মৎস্য বাজারের নর্দমা প্রণালী সংক্রান্ত তথ্য তুলে ধরেন। বৈঠকে মৎস্য বিক্রেতারা একটি নতুন মৎস্য বাজার নির্মাণের প্রস্তাব দেন। ইতিমধ্যেই গ্রামোন্নয়ন দপ্তর থেকে গন্ডাতুইসায় একটি নতুন মাছ বিক্রির শেড নির্মাণের অনুমোদন দেওয়া হয়েছে।

\*\*\*\*\*